নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

নোয়াখালী-৩৮১৪

নোবিপ্রবি/রেজি/সং-শা/কনি/৯৮/২০১৮/৩১০৫   ০৩ ডিসেম্বর ২০১৮

নিয়োগ বিজ্ঞপ্তি

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের Institutional Quality Assurance Cell (IQAC) এর নিম্নোক্ত কর্মকর্তা ও কর্মচারী পদে স্থায়ী ও শূন্যপদসমূহ পূরণের লক্ষ্যে বর্ণিত যোগ্যতাসম্পন্ন বাংলাদেশের নাগরিকদের নিকট হতে এই বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরমে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে:

ক্রমিক	পদের নাম, বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫)	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
০১	পরিচালক (গ্রেড-৩, বেতন স্কেল ৫৬,৫০০-৭৪,৪০০)	০১টি	০১. এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষায় জিপিএ ৫.০০ এর মধ্যে ন্যূনতম জিপিএ ৪.২৫ অথবা প্রথম বিভাগ থাকতে হবে। ০২. যে কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান/সামাজিক বিজ্ঞান/ব্যবসায় শিক্ষা/সিএসই/ইইই অথবা সিএসই/ইইই/অনুরূপ বিষয়ে ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক অথবা ০৩ (তিন) বছরের স্নাতক (সম্মান) ডিগ্রিসহ স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। ০৩. স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.২৫ অথবা প্রথম শ্রেণী/সমমান থাকতে হবে। ০৪. প্রার্থীর অবশ্যই সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি ডিগ্রি থাকতে হবে। ০৫. কোন বিশ্ববিদ্যালয়/সরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে সহযোগী অধ্যাপক/অতিরিক্ত পরিচালক (জাতীয় বেতন স্কেল ২০১৫ এর ৪র্থ গ্রেড ও তদূর্ধ্ব) হিসেবে সেফ এসেসমেন্ট, অ্যাক্রিডিটেশন/কোয়ালিটি অ্যাস্যুরেন্স কাজে নূন্যতম ০৩ (তিন) বছরের অভিজ্ঞতাসহ বিশ্ববিদ্যালয়/উল্লিখিত প্রতিষ্ঠানসমূহে শিক্ষক/প্রথম শ্রেণীর কর্মকর্তা হিসেবে (জাতীয় বেতন স্কেল ২০১৫ এর ৫ম গ্রেড ও তদূর্ধ্ব) ন্যূনতম ১৪ (চৌদ্দ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। ০৬. সেফ এসেসমেন্ট, অ্যাক্রিডিটেশন/কোয়ালিটি অ্যাস্যুরেন্স কাজে কমপক্ষে ২ সপ্তাহ বা তার অধিক কালের প্রশিক্ষণ থাকতে হবে। এক্ষেত্রে বৈদেশিক ট্রেনিং থাকলে অগ্রাধিকার প্রদান করা যেতে পারে। ০৭. সর্বোচ্চ বয়স: ৫২ বছর। তবে দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্নদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য।
০২	উপ-পরিচালক (গ্রেড-৫, বেতন স্কেল ৪৩,০০০-৬৯,৮৫০)	০১টি	০১. এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষায় জিপিএ ৫.০০ এর মধ্যে ন্যূনতম জিপিএ ৪.২৫ অথবা প্রথম বিভাগ থাকতে হবে। ০২. যে কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান/সামাজিক বিজ্ঞান/ব্যবসায় শিক্ষা/সিএসই/ইইই অথবা সিএসই/ইইই/অনুরূপ বিষয়ে ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক অথবা ০৩ (তিন) বছরের স্নাতক (সম্মান) ডিগ্রিসহ স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। ০৩. স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.২৫ অথবা প্রথম শ্রেণী/সমমান থাকতে হবে। ০৪. প্রার্থীর অবশ্যই সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি ডিগ্রি থাকতে হবে। ০৫. কোন বিশ্ববিদ্যালয়/সরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে সহকারী অধ্যাপক/সহকারী পরিচালক (জাতীয় বেতন স্কেল ২০১৫ এর ৭ম গ্রেড ও তদূর্ধ্ব) হিসেবে সেফ এসেসমেন্ট, অ্যাক্রিডিটেশন/কোয়ালিটি অ্যাস্যুরেন্স কাজে নূন্যতম ০৩ (তিন) বছরের অভিজ্ঞতাসহ বিশ্ববিদ্যালয়/উল্লিখিত প্রতিষ্ঠানসমূহে শিক্ষক/প্রথম শ্রেণীর কর্মকর্তা হিসেবে (জাতীয় বেতন স্কেল ২০১৫ এর ৯ম গ্রেড ও তদূর্ধ্ব) ন্যূনতম ১০ (দশ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। ০৬. সেফ এসেসমেন্ট, অ্যাক্রিডিটেশন/কোয়ালিটি অ্যাস্যুরেন্স কাজে কমপক্ষে ২ সপ্তাহ বা তার অধিক কালের প্রশিক্ষণ থাকতে হবে। এক্ষেত্রে বৈদেশিক ট্রেনিং থাকলে অগ্রাধিকার প্রদান করা যেতে পারে। ০৭. সর্বোচ্চ বয়স: ৪৫ বছর।
০৩	সহকারী পরিচালক (প্রশাসন) (গ্রেড-৭, বেতন স্কেল ২৯,০০০-৬৩,৪১০)	০১টি	০১. এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষায় জিপিএ ৫.০০ এর মধ্যে ন্যূনতম জিপিএ ৩.০০ অথবা দ্বিতীয় বিভাগ থাকতে হবে। ০২. যে কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কোন বিষয়ে ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক অথবা ০৩ (তিন) বছরের স্নাতক/স্নাতক (সম্মান) ডিগ্রিসহ স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। ০৩. স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ২.৫০ অথবা দ্বিতীয় শ্রেণী থাকতে হবে। ০৪. কোন বিশ্ববিদ্যালয়/সরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে লেকচারার/প্রথম শ্রেণীর কর্মকর্তা (জাতীয় বেতন স্কেল ২০১৫ এর ৯ম গ্রেড ও তদূর্ধ্ব) হিসেবে সেফ এসেসমেন্ট, অ্যাক্রিডিটেশন/কোয়ালিটি অ্যাস্যুরেন্স কাজে নূন্যতম ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। ০৫. সর্বোচ্চ বয়স: ৩৫ বছর। বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে সর্বোচ্চ বয়স শিথিলযোগ্য।
০৪	পার্সোনাল অফিসার টু পরিচালক (গ্রেড-১০, বেতন স্কেল ১৬,০০০-৩৮,৬৪০)	০১টি	০১. এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষায় জিপিএ ৫.০০ এর মধ্যে ন্যূনতম জিপিএ ২.৫০ অথবা দ্বিতীয় বিভাগ থাকতে হবে। ০২. যে কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক/স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। ০৩. স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ২.৫০ অথবা দ্বিতীয় শ্রেণী থাকতে হবে। ০৪. সরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে ন্যূনতম ০২ (দুই) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। ০৫. সর্বোচ্চ বয়স: ৩০ বছর। বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে সর্বোচ্চ বয়স শিথিলযোগ্য।
০৫	অফিস সহকারী কাম কম্পিউটার টাইপিস্ট (গ্রেড-১৬, বেতন স্কেল ৯,৩০০-২২,৪৯০)	০১টি	০১. এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষায় জিপিএ ৫.০০ এর মধ্যে ন্যূনতম জিপিএ ২.৫০ অথবা দ্বিতীয় বিভাগ থাকতে হবে। ০২. যে কোনো বিষয়ে স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক/স্নাতক (সম্মান) পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ২.৫০ অথবা দ্বিতীয় শ্রেণী থাকতে হবে। ০৩. সংশ্লিষ্ট ক্ষেত্রে সরকারি, আধাসরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্ম অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেওয়া হবে। ০৪. প্রার্থীকে কম্পিউটার টাইপিং বাংলায় প্রতি মিনিটে ন্যূনতম ৩০ শব্দ এবং ইংরেজিতে ন্যূনতম ৪০ শব্দের গতি সম্পন্ন হতে হবে। ০৫. সর্বোচ্চ বয়স: ৩০ বছর। বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে সর্বোচ্চ বয়স শিথিলযোগ্য।
০৬	অফিস সহায়ক (গ্রেড-২০, বেতন স্কেল ৮,২৫০-২০,০১০)	০১টি	প্রার্থীর যে কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে ন্যূনতম এসএসসি পাশ হতে হবে। অভিজ্ঞ প্রার্থীদেরকে অগ্রাধিকার দেয়া হবে।

নির্দেশিকা ঃ

- উপরোক্ত কর্মকর্তা ও কর্মচারী পদে আগামী ১৮ ডিসেম্বর ২০১৮ এর মধ্যে (অফিস চলাকালীন সময়) নিম্নস্বাক্ষরকারী বরাবর কর্মকর্তা পদে আবেদনকারীদেরকে ৭ সেট এবং কর্মচারী পদে আবেদনকারীদেরকে ৬ সেট আবেদন (বায়োডাটা, জাতীয় পরিচয়পত্র, পাসপোর্ট সাইজ ২ কপি ছবি এবং যোগ্যতা ও অভিজ্ঞতার সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপিসহ) A4 সাইজ খামে জমা দিতে হবে। উক্ত তারিখের পর কোন আবেদন গ্রহণ করা হবে না।
- চাকরিরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে শর্ত শিথিল করা যেতে পারে।
- প্রত্যেক প্রার্থীকে খামের উপর তাঁর নাম-ঠিকানা ও প্রার্থিত পদের নাম স্পষ্টাক্ষরে লিখতে হবে।
- আবেদনকারীদেরকে ০১ নং হতে ০২ নং পদের বিপরীতে ১,২০০.০০ (এক হাজার দুইশত) টাকা, ০৩ নং হতে ০৪ নং পদের বিপরীতে ৮০০.০০ (আটশত) টাকা, ০৫ নং পদের বিপরীতে ৫০০.০০ টাকা এবং ০৬ নং পদের বিপরীতে ৩০০.০০ টাকা করে অগ্রণী ব্যাংক লিমিটেড, নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শাখা, হিসাব নম্বর ৭৪৯৬ এর বিপরীতে একটি ব্যাংক ড্রাফট অথবা পে-অর্ডার (অফেরতযোগ্য) আবেদনের সাথে জমা দিতে হবে **অথবা** আবেদনকারীদেরকে নোবিপ্রবি আয় হিসাব নম্বর ০২০০০০৫৩২৬৫৮৪, অগ্রণী ব্যাংক লিমিটেড, নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শাখা এর বিপরীতে ০১ নং হতে ০২ নং পদের বিপরীতে ১,২০০.০০ (এক হাজার দুইশত) টাকা, ০৩ নং হতে ০৪ নং পদের বিপরীতে ৮০০.০০ (আটশত) টাকা, ০৫ নং পদের বিপরীতে ৫০০.০০ টাকা এবং ০৬ নং পদের বিপরীতে ৩০০.০০ টাকা করে (অফেরতযোগ্য) অনলাইনে জমা প্রদান পূর্বক মূল রশিদ আবেদনের সাথে সংযুক্ত করে রশিদের ক্রমিক নম্বর আবেদনে উল্লেখ করতে হবে।
- অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে। আবেদন গ্রহণ বা বাতিল বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।
- পরীক্ষায় অংশগ্রহণের জন্যে প্রার্থীকে কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।
- বর্ণিত পদ পূরণের ক্ষেত্রে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের নিয়োগ বিধি এবং প্রযোজ্য অন্যান্য সরকারী নিয়ম ও আনুষ্ঠানিকতা অনুসরণ করা হবে।

রেজিস্ট্রার
নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়